

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫৪৫

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

بَابُ عِيَادَةِ الْمَرِيْضِ وَثَوَابِ الْمَرَضِ

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الطَّاعُونُ شَهَادَةٌ لكل مُسلم»

বাংলা

১৫৪৫-[২৩] আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ত্বা'উন (মহামারী)'র কারণে মৃত্যু মুসলিমদের জন্য শাহাদাতের মর্যাদা। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৮৩০, ৫৭৩২, মুসলিম ১৯১৬, আহমাদ ১৩৩৩৫, সহীহ আত্ তারগীব ১৩৯৯, সহীহ আল জামি' আস সগীর ৩৯৪৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'উলামারা বলেন, শাহীদ তিন প্রকার। প্রথম প্রকারঃ দুনিয়া ও আখিরাতের শাহীদ যারা আল্লাহর পথে নিহত হয়েছেন, দ্বিতীয় প্রকারঃ দুনিয়া ব্যতিরেকে শুধুমাত্র আখিরাতের শাহীদ। আগত আবৃ হুরায়রাহ্ (রাঃ)-এর হাদীসের বর্ণিত চার শ্রেণীর শাহীদ এই প্রকারের অন্তর্ভুক্ত। তৃতীয় প্রকারঃ আখিরাত ব্যতিরেকে শুধুমাত্র দুনিয়ার শাহীদ যারা যুদ্ধের ময়দান হতে পলায়ন করতে যেয়ে নিহত হয় অথবা গনীমাতের মালের উদ্দেশে অথবা দুনিয়ার অন্য কোন উদ্দেশে যুদ্ধ করতে গিয়ে নিহত হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন